কংগ্রেসের ‘লাল ডায়েরির কালো রহস্য’ নিয়ে তোপ নরেন্দ্র মোদির

জয়পুর, ২৭ জুলাই: লাল ডায়েরিতেই লুকিয়ে কংগ্রেসের কালো রহস্য। রাজস্থানে গিয়ে শাসকদল কংগ্রেসকে একহাত নিয়ে তোপ দাগলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। তাৎপর্যপূর্ণভাবে, চলতি বছরেই রাজস্থানে বিধানসভা নির্বাচন। বিশ্লেষকদের মতে, রাজনীতির রণনীতি মেনেই কংগ্রেস শিবিরের অন্তর্দ্বন্দ্বকেই হাতিয়ার করছে বিজেপি।

বৃহস্পতিবার ভোটমুখী রাজস্থানের সিকারে এক জনসভায় বক্তব্য রাখেন মোদি। তিনি বলেন, ‘ওই লাল ডায়েরিতে কংগ্রেসের সমস্ত দুর্নীতি লুকিয়ে রয়েছে। আসন্ন নির্বাচনে এই ডায়েরিই তাদের ভরাডুবির কারণ হয়ে উঠবে।’ রাহুল গান্ধির ‘মহব্বত কি দুকান’ মন্তব্যের পালটা দিয়ে এদিন প্রধানমন্ত্রী বলেন, ‘এই ‘লুট কি দুকান, ঝুট কি দুকানে’র সর্বশেষ সামগ্রী এই লাল ডায়েরি। কংগ্রেস সরকারের সমস্ত দুর্নীতি ফাঁস করে দেবে সেটি।’

রাজস্থানের বরখাস্ত কংগ্রেস মন্ত্রী রাজেন্দ্র গুধাই এই তথাকথিত লাল ডায়েরির কথা প্রথম প্রকাশ্যে আনেন। কয়েকদিন আগে তিনি বলেছিলেন, ‘রাজস্থানের কংগ্রেস নেতা ধর্মেন্দ্র রাঠোরের বাড়িতে তল্লাশি চালিয়ে এনফোর্সমেন্ট ডিপার্টমেন্ট (ইডি)। সেখানে পাওয়া একটি লাল ডায়েরি যে কোনও মূল্যে আমাকে উদ্ধার করতে বলেন মুখ্যমন্ত্রী অশোক গেহলট। আমি না থাকলে তিনি জেলে থাকতেন।’ তবে সেই ডায়েরিতে এমন কী রহস্য লুকিয়ে রয়েছে তা স্পষ্ট করেননি গুধা।

এদিকে, লাল ডায়েরি প্রসঙ্গে রাজস্থানের মুখ্যমন্ত্রী অশোক গেহলটের পালটা, ‘প্রধানমন্ত্রী কাল্পনিক লাল ডায়েরি দেখতে পাচ্ছেন। অথচ লাল টমেটো, লাল সিলিন্ডার দেখতে পাবেন না। মূল্যবৃদ্ধির মারে হেঁশেল যে টালমাটাল তা তাঁর নজরে পড়ছে না।’ গেহলটের আরও অভিযোগ, প্রধানমন্ত্রীর অনুষ্ঠান থেকে তাঁর বক্তব্য বাদ দিয়েছে পিএমও। নিজের টুইটার হ্যান্ডেলে তিনি লেখেন, ‘আপনি আজ রাজস্থান আসছেন। কিন্তু আপনার দপ্তর আমার ভাষণের জন্য বরাদ্দ তিন মিনিট সময় বাতিল করে দিয়েছে। তাই টুইট করেই আপনাকে এ রাজ্যে স্বাগত জানাচ্ছি।’ তবে গেহলটের সমস্ত অভিযোগ উড়িয়ে দিয়ে প্রধানমন্ত্রীর দপ্তরের পালটা দাবি, পায়ে চোটের জন্য অনুষ্ঠানে আসতে পারবেন না বলে নিজেই জানিয়েছিলেন মুখ্যমন্ত্রী। উল্লেখ্য, কয়েকদিন আগে রাজস্থান বিধানসভার অধিবেশন চলাকালীন মণিপুর প্রসঙ্গ ওঠে। তখনই রাজ্যে মহিলাদের নিরাপত্তা নিয়ে মন্তব্য করেন রাজেন্দ্র গুধা। ন্যূনতম আয় গ্যারান্টি বিল, ২০২৩ নিয়ে আলোচনার সময় কংগ্রেস সদস্যরা মণিপুরের ঘটনাটি তুলে ধরেন। এরপরেই বক্তব্য রাখতে গিয়ে রাজস্থানে মহিলাদের উপর নির্যাতন বৃদ্ধির ঘটনা কার্যত স্বীকার করে নেন রাজেন্দ্র। এ ব্যাপারে রাজ্যের শাসক দলের আত্মসমালোচনার প্রয়োজন আছে বলে মনে করছেন তিনি। তারপরই তাঁর মন্ত্রিত্ব কেড়ে নেওয়া হয়।

মিজোরামের মুখ্যমন্ত্রীকে তোপ মণিপুরের মুখ্যমন্ত্রীর



ইম্ফল, ২৭ জুলাই: মণিপুরের পরিস্থিতি নিয়ে মতপার্থক্য সামনে এল মণিপুরের মুখ্যমন্ত্রী এন বীরেন সিং এবং মিজোরামের মুখ্যমন্ত্রী জোরামথাঙ্গার। মণিপুরের অভ্যন্তরীণ বিষয়ে জোরামথাঙ্গাকে নাক না গলানোর পরামর্শ দিলেন এন বীরেন সিং। মণিপুর হিংসায় ক্ষতিগ্রস্ত কুকি সম্প্রদায়ের প্রতি সহানুভূতি দেখাতে একটি মিছিলে যোগ দিয়েছেন মিজোরামের মুখ্যমন্ত্রী। এর পরই জোরামথাঙ্গার উদ্দেশে এ কথা বললেন মণিপুরের মুখ্যমন্ত্রী।

৩ মে থেকে মণিপুরে হিংসা ছড়ানোর পর কুকি সম্প্রদায়ের প্রায় ১৩ হাজার জনকে আশ্রয় দিয়েছে মিজোরাম সরকার। এই কুকিদের সঙ্গে মিজো এবং মায়ানমানের বাসিন্দাদের অনেক সাদৃশ্য রয়েছে। অন্যদিকে মায়ানমার সেনা ও সেখানকার বিদ্রোহী দলের যুদ্ধ শুরু হতে মায়ানমার থেকে আসা শরণার্থীদেরও আশ্রয় দিয়েছে মিজোরাম সরকার।

মিজোরামের রাজধানী আইজলে আয়োজিত মিছিলের পর থেকেই ক্ষুব্ধ মণিপুরে মুখ্যমন্ত্রী। মণিপুরের অখণ্ডতা ভঙ্গের অভিযোগও করেছেন তিনি। মিজোরামে আয়োজিত মিছিলকে ‘বর্বরতা’ও বলেছেন মণিপুরের মুখ্যমন্ত্রী। এ নিয়ে এন বীরেন সিং বলেছেন, ‘মিজোরামের মুখ্যমন্ত্রীকে আমি বলব অন্য রাজ্যের অভ্যন্তরীণ বিষয়ে নাক না গলাতে।’ এর পাশাপাশি ইউরোপীয় পার্লামেন্টেরও সমালোচনা করেছেন মণিপুরের পরিস্থিতি নিয়ে তাদের নেওয়া বিবৃতি নিয়ে।

পঞ্জাবে পাক নাগরিককে পাকড়াও করেও ফেরাল বিএসএফ

চণ্ডীগড়, ২৭ জুলাই: সীমান্ত পেরিয়ে ভারতে ঢুকে পড়লেন এক পাক নাগরিক। বৃহস্পতিবার ওই যুবককে পাকড়াও করে বিএসএফ। তবে তাঁর কাছ থেকে কিছু পাওয়া যায়নি। বিএসএফ সূত্রে খবর, অসাবধানতাবশত ওই পাক নাগরিক ভারতীয় ভূখণ্ডে ঢুকে পড়েন। পরে তাঁকে পাক রেঞ্জার্সদের হাতে তুলে দেয় বিএসএফ। বৃহস্পতিবার সকালে পঞ্জাবের ফাজলিকা জেলার খানপুর গ্রামের ঘটনা। বিষয়টি নিয়ে পাক রেঞ্জার্সদের কাছে অভিযোগ জানায় বিএসএফ। পরে মানবিক দিক বিবেচনা করে ওই পাক নাগরিককে সে দেশের রেঞ্জার্সদের হাতে তুলে দেওয়া হয়।বিএসএফ সূত্রে খবর, গত ২৬ জুলাই সীমান্ত পেরিয়ে ভারতে ঢুকেছিলেন ওই পাক নাগরিক। তবে তাঁর কাছ থেকে কিছুই পাওয়া যায়নি। এই ঘটনার দু’সপ্তাহ আগে অন্য এক পাক নাগরিককে গ্রেপ্তার করেছিল বিএসএফ।

জিমে হৃদরোগে আক্রান্ত হয়ে মৃত গাজিয়াবাদের যুবক

লখনউ, ২৭ জুলাই: জিমে কসরত করতে করতে হৃদরোগে আক্রান্ত হলেন উত্তরপ্রদেশের গাজিয়াবাদের ২৬ বছর বয়সি যুবক। দ্রুত তাঁকে হাসপাতালে নিয়ে যাওয়া হলেও শেষরক্ষা হয়নি। চিকিৎসকেরা তাঁকে মৃত বলে ঘোষণা করেন। গাজিয়াবাদের বৃন্দাবন বিহারের জিমে কসরত করতেন খুরদার সরস্বতী বিহারের বাসিন্দা কপিল। রোজকার মতো সে দিন জোরকদমে চলছিল অনুশীলন। জিম করতে করতেই আচমকা বুকে ব্যথা এবং শরীরে অস্বস্তি বোধ করতে থাকেন কপিল। সেই সময় জিমে উপস্থিত লোকজন কপিলের পরিচর্যা করেন। কিন্তু ক্রমশ শারীরিক অবস্থার অবনতি হতে থাকে।

রাশিয়ার ৩৬টি ক্রুজ মিসাইল ধ্বংস করার দাবি ইউক্রেনের

কিয়েভ, ২৭ জুলাই: ইউক্রেনের বিমানবাহিনী বুধবার দাবি করেছে, তারা রাশিয়ার ছোঁড়া ৩৬টি ক্রুজ ক্ষেপণাস্ত্র ভূপাতিত করেছে। বিমান বাহিনীর অফিসিয়াল চ্যানেলে লেফটেন্যান্ট জেনারেল মাইকোলা ওলেশচুক বলেন, ২৬ জুলাই শত্রুপক্ষের ৩৬টি ক্রুজ মিসাইল ধ্বংস করা হয়েছে। তবে হামলার সময় রাশিয়ান ক্ষেপণাস্ত্র তাদের লক্ষ্যবস্তুতে আঘাত করেছিল কি না তা নির্দিষ্ট করেননি ওই ইউক্রেনীয় কর্মকর্তা।

বিমান বাহিনীর মতে, হামলার প্রথম দিকে ইউক্রেনীয় বাহিনী তিনটি কালিব্র ক্ষেপণাস্ত্র এবং সন্ধ্যায় ৩৩টি এক্স-১০১ ও এক্স-৫৫৫ ক্ষেপণাস্ত্র ধ্বংস করে। বাহিনীটি বলছে, দক্ষিণ-পূর্ব দিক থেকে পশ্চিম ইউক্রেনের দিকে আসা আটটি টিউ-৯৫ বোমারু বিমান ক্ষেপণাস্ত্রগুলো নিক্ষেপ করে।

বুধবার সন্ধ্যায় পশ্চিম ইউক্রেনের খমেলনিৎস্কি অঞ্চলকে লক্ষ্য করে আরেকটি রাশিয়ান হামলার কথা উল্লেখ করে বিমান বাহিনী। অঞ্চলটি ইতিমধ্যে বেশ কয়েকবার মস্কোর লক্ষ্যবস্তু হয়েছে।

বিমান বাহিনী বলেছে, হামলায় মিগ-৩১ দিয়ে চারটি হাইপারসনিক কিঞ্জল ক্ষেপণাস্ত্র নিক্ষেপ করা হয়েছিল। কিন্তু সেগুলি আটকানো বিশেষভাবে কঠিন ছিল। ইউক্রেনের ডিনিপ্রো সেন্ট্রাল অঞ্চলের গভর্নর বলেছেন, রাশিয়ান ক্ষেপণাস্ত্রের ধ্বংসাবশেষের কারণে আগুন লেগেছিল। তবে কোনও হতাহতের ঘটনা ছাড়াই এটি নিয়ন্ত্রণে আনা হয়েছিল।

ইউক্রেনের প্রসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি, রাশিয়ার বেশিরভাগ ক্ষেপণাস্ত্র ভূপাতিত করার জন্য বিমান বাহিনীকে ধন্যবাদ জানান। তিনি বলেছেন, ইউক্রেনের আকাশ ব্যবস্থাকে যারা রক্ষা করছে তাদের প্রত্যেকের প্রতি আমি কৃতজ্ঞ। উল্লেখ্য, গত বছরের ২৪ ফেব্রুয়ারি ইউক্রেনে সামরিক অভিযানের ঘোষণা দেন রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। এরপর আজ পর্যন্ত টানা ৫০০ এর বেশি দিন ধরে চলছে দেশ দুইটির সংঘাত। এতে দুই পক্ষের বহু হতাহতের খবর পাওয়া যাচ্ছে। তবে যুদ্ধ বন্ধে এখন পর্যন্ত কোনো লক্ষণ নেই। উল্টো পূর্ব ইউক্রেনে দেশ দুইটির মধ্যে সংঘাতের পরিমাণ অনেক বেড়েছে।

আমেরিকায় তিনগুণ দামে বিক্রি হচ্ছে চাল

ওয়াশিংটন, ২৭ জুলাই: চাল রপ্তানি বন্ধ করেছে ভারত। সরকারের এই সিদ্ধান্তের পরই বিপাকে পড়েছেন আমেরিকার প্রবাসী ভারতীয়রা। জানা গিয়েছে, একসঙ্গে বিপুল পরিমাণ চাল কিনে নিজেদের বাড়িতে মজুত করতে চাইছেন তাঁরা। তার ফলে হুহু করে বাড়ছে নন বাসমতী চালের দাম। অনেক ক্ষেত্রে স্বাভাবিকের দ্বিগুণ দাম দিয়ে চাল কিনতে হচ্ছে বলেও শোনা গিয়েছে। এহেন পরিস্থিতি দেখে সকলেরই মনে পড়ে যাচ্ছে কোভিড অতিমারির কথা। লকডাউনের সময়ে যেভাবে অতিরিক্ত খাদ্যদ্রব্য মজুত করে রাখতেন সাধারণ মানুষ, সেই ছবিই ফের ফিরে এসেছে মার্কিন মুলুকে। বিশ্বের বৃহত্তম চাল রপ্তানিকারক দেশ ভারত। তারা চাল রপ্তানি বন্ধ করলে গোটা বিশ্বে খাদ্যসংকট দেখা দেবে বলে ইতিমধ্যেই আশঙ্কা প্রকাশ করেছে আইএমএফ-সহ একাধিক সংগঠন। আইএমএফের শীর্ষ আধিকারিক পিয়েরে-অলিভিয়ের গৌরিঞ্চাস বলেন, ভারতকে এই সিদ্ধান্ত তুলে নিতে অনুরোধ করব আমরা। নচেত গোটা বিশ্বে এর খারাপ প্রভাব পড়বে। আর্থিক বিশেষজ্ঞদের দাবি, আমেরিকা, ব্রিটেন, কানাডার পাশাপাশি, পূর্ব ইউরোপে ও মধ্যপ্রাচ্যের দেশগুলিতেও খাদ্যসংকট দেখা দিতে পারে।

সোশ্যাল মিডিয়ায় ছড়িয়ে পড়া একাধিক ভিডিওতে ধরা পড়েছে চাল কেনা নিয়ে আমেরিকার দুরবস্থা। দেখা যাচ্ছে, একসঙ্গে ১০-১৫ বস্তা চাল কিনছেন সেদেশে বসবাসকারী ভারতীয়রা।

শ্রেণীবদ্ধ বিজ্ঞাপনের জন্য যোগাযোগ
করুন-মোঃ ৯৮৩১৯১৯৭৯১

Chakdaha Municipality

NOTICE

Chakdaha Municipality invites e-tender vide memo no. **WBMAD/CM/GARG/PWD/NIT-14/23-24 & Tender Id:-2023_MAD_551320_1, WBMAD/CM/ GARG/PWD/NIT-19/23-24 & Tender Id:-2023_MAD_551470_1,WBMAD/CM/GARG/PWD/NIT-13/23-24 & Tender Id:-2023_MAD_551286_1, WBMAD/CM/ GARG/PWD/NIT-16/23-24 & Tender Id:-2023_MAD_551393_1, WBMAD/CM/ GARG/PWD/NIT-17/23-24 & Tender Id:-2023_MAD_551419_1,WBMAD/CM/GARG/PWD/NIT-15/23-24 & Tender Id:-2023_MAD_551358_1,WBMAD/CM/GARG/PWD/NIT-18/23-24 & Tender Id:-2023_MAD_551443_1 for construction of garage** under SWM project of Chakdaha Municipality.

UTTARPARA-KOTRUNG MUNICIPALITY

1. e-N.I.T. No. : UKM/PHC/004(e)/ 2023-24 dt. 27.07.2023
Chairman,Uttarpara-Kotrung Municipality invites e-tender for thorough maintenance, servicing & replacement of spare parts of 01 no.12000 ltr. Cesspool Machine. Documents download start date & Bid submission start date – **28.07.2023**.Bid Submission Closing Date–**08.08.2023.** For Details:-**https://www.wbtenders.gov.in**
Sd/-
Chairman
Uttarpara-Kotrung Municipality

Chakdaha Municipality

NOTICE

Chakdaha Municipality invites e tender vide **memo no. WBMAD/CM/BWALL/PWD/NIT22/23-24 & Tender Id: 2023_MAD_551846_1** for construction of Boundary Wall at Sarmastapur for SWM project of Chakdaha Municipality. For further information please visit **www.wbtenders.gov.in**

NOTICE INVITING e-TENDER

Notice inviting e-Tender 3 (Three) no work Within Bargachia-I Gram Panchayat
Will be available at **https://wbtenders.gov.in.**
1) **2023_ZPHD_551594_1**
2) **2023_ZPHD_551600_1**
3) **2023_ZPHD_551621_1**
Submission closing date (online): **03/08/2023 at 11:00 A.M.**
Sd/-
Prodhan
Bargachia-I Gram Panchayat

NOTICE INVITING TENDER

No. 01 of 2023-24 of the Assistant Engineer (A-I) Memari (A-I) Sub-Division, Purba Bardhaman

On behalf of the Governor of West Bengal 01 (One) no. sealed tender Consisting of single group as mentioned in Annexure-I in WB Form No. 2911(ii) is invited by the Assistant Engineer (A-I), Memari (A-I) Sub-Division, Memari, Purba Bardhaman from the bonafied and resourceful agencies with sound technical and financial capabilities and having experience of similiar types of works as mentioned in the N.I.T. For details of said NIT may be available from this office of any working day from 11.00 A.M. to 2.00 P.M. **Last Date of Application and availability tender paper for the NIT are 10.08.2023 up to 2.00 P.M. and 11.08.2023 up to 2.00 P.M.** respectively.
Sd/-
**Assistant Engineer (A-I)
Memari (A-I) Sub-Division
Memari, Purba Bardhaman**

Office of the Paratal-1 Gram Panchayat
Mohindar, Purba Bardhaman

Notice Inviting e-Tender

Prodhan, Paratal-1 Gram Panchayat invited e-NIT vide **e-NIT No.: 03/LWM/SBM/2023-24, Date: 27.07.2023** from intending bonafied resourceful contractor. Last Date of Bid Submission: **03.08.2023 at 05:00 PM.** Bid Opening Date: **07.08.2023 at 11:00 AM.** All other information available at **https://wbtenders.gov.in** with **e-Tender ID No.: 2023_ZPHD_551730_1, 2023_ZPHD_551809_1, 2023_ZPHD_551828_1 and 2023_ZPHD_551837_1.**
Sd/-
Prodhan
Paratal-I Gram Panchayat

পূর্ব রেলওয়ে

টেন্ডার বিজ্ঞপ্তি নম্বর ঃ ২২২-এস/১/ডব্লু-II, তারিখ ঃ ২৫.০৭.২০২৩। ডিভিশনাল রেলওয়ে ম্যানেজার, পূর্ব রেলওয়ে, ৩য় তল, কন্ট্রোল বিল্ডিং, ডিআরএম বিল্ডিং, কাইজার স্ট্রিট, শিয়ালদহ, কলকাতা-৭০০০১৪ নিম্নলিখিত কাজের জন্য অনলাইন ই-টেন্ডার আহ্বান করছেন। টেন্ডার নম্বর ঃ টিএন-৭৫-২৩-২৪। কাজের নাম ঃ অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার/কাঁচরাপাড়া-র অধিক্ষেত্রে ৩য় (বিওসিবিএল) লাইন-এর জন্য সমস্ত আনুষঙ্গিক কাজ সহ বিভিন্ন ট্র্যাক রক্ষণাবেক্ষণের কাজ। টেন্ডার মূল্যমান ঃ ৭৮,৯৭,৬৫৩.৩৩ টাকা। বায়না মূল্য জমা ঃ ১,৫৮,০০০ টাকা। কাজ সম্পাদনের সময়সীমা ঃ ১২ (বারো) মাস। টেন্ডার বন্ধের তারিখ ও সময় ঃ ১৭.০৮.২০২৩। টেন্ডার নথিপত্র এবং অন্যান্য বিবরণ www.ireps.gov.in-এ পাওয়া যাবে। উপরোক্ত ওয়েবসাইটে ই-টেন্ডারিংয়ের মাধ্যমে বিড জমা করতে হবে। ম্যানুয়াল অফার বাতিল করা হবে। টেন্ডার খোলার তারিখ ও সময় ১৭.০৮.২০২৩-এ দুপুর ৩.৩০ মিনিট। (SDAH-130/2023-24)
টেন্ডার বিজ্ঞপ্তি ওয়েবসাইট www.er.indianrailways.gov.in/ www.ireps.gov.in-এও পাওয়া যাবে
আমাদের অনুসরণ করুন: @EasternRailway
easternrailwayheadquarter

NOTICE INVITING E-TENDER

e-Tender is hereby invited on behalf of Chairman, Habra Municipality for supply within Habra Municipality.

Sl. No.	Ref. e-Tender No.	Last Date of submission of e-Tender
1	WBMAD/HM/PWD/NIT e-549/2023-24 (Sl : 1 & 2)	05/08/2023 up to 5.00 PM

For details please see at the website www.wbtenders.gov.in
Sd/- Vice Chairman, Habra Municipality

Office of the
BHAKURI-II GRAM PANCHAYAT
**Vill- Belpukur, P.O.- Balarmpur, P.S. & Block- Berhampore
Dist- Murshidabad, Pin-742165**

**NIeT No- 04 & 05/2023-24/ 15th FC Untied & Tied
NIeT No- 06 /2023-24/ PBG-SFC & PBG (IBRD)**
1) Download Tender documents from **28-07-2023, at 17.00 Hrs.,** 2) Tender documents submission from **28-07-2023, at 17.30 Hrs,** 3) Tender documents submission upto **04-08-2023 at 17.30 Hrs,** 4) Technical bid opening- **07-08-2023, 10.30 Hrs,** 5) Financial bid opening- **10-08-2023 at 10.30 Hrs,** Plese visit website- **http://wbtenders.gov.in**
**Sd/- PRODHAN
Bhakuri-II Gram Panchayat
Berhampore Block, Murshidabad**

Baikunthapur-II Gram Panchayat
Ghourdourchati, Sripally, Purba Bardhaman

Notice Inviting e-Tender

e-Tender are invited from bonafied resourceful contractor for different development works vide **NIT No.: BKP-II GP/701 & e-NIT- 07/2023-24(2nd Call), Date: 26.07.2023. Sl.-1 to 2. Fund: 15th CFC (Untied).** Documents Download/Sell & Bid Submission Start Date (Online): **26.07.2023 at 06.00 PM.** Bid Submission Closing (Online): **01.08.2023 up to 06:00 PM.** Bid Opening Date for Technical Proposals (Online): **02.08.2023 at 11:00 AM.** For more details visit **www.wbtenders.gov.in** & GP Office.
Sd/-
Pradhan
Baikunthapur-II Gram Panchayat

W. B. AGRO INDUSTRIES CORPORATION LTD.
**23B, Netaji Subhas Road, Kolkata-700001
Website: www.wbagroindustries.com,
Email: wb.agro@wbaicl.com
Phone No. 2230-2314/2230-2315**

**NIeT No. AIC/ PD/EE/ NIeT-05/23-24 dt. 27-07-2023
NIeT No. AIC/ PD/EE/ NIeT-09/23-24 dt. 27-07-2023**
E-tenders are invited by the Executive Engineer for supply, Installation & Commissioning of Manual Sal Leaf Plate making Machine; Sal Leaf Plate Stitching Machine (Single Stitching) and Delivery Pipe at Bankura/ Purulia & North 24 Parganas from Bonafied Manufacturers/ Dealers/ Distributors/ Vendors/ Agency/ contractors fulfilling eligiblility criteria.
Bid Documents will be available from **https://wbtenders.gov.in**
Last Date for Submission: 17/08/2023 at 16:30 hrs.

দি পেরিয়া কারামালাই টি অ্যান্ড প্রোডিউস কোম্পানি লিমিটেড

রেজি.অফিস: ৭, মুন্সি প্রেমচাঁদ সরণি, হেস্টিংস, কলকাতা-৭০০ ০২২
দূরভাষ : (০৩৩) ২২২৩৩৩৯৪, ই-মেল: periatea@lnbgroup.com, ওয়েবসাইট : www.periatea.com
CIN : L01132WB1913PLC220832

৩০ জুন, ২০২৩ তারিখ সমাপ্ত ত্রৈমাসিকের অনিরীক্ষিত কনসোলিডেটেড আর্থিক ফলাফলের বিবরণের সারাংশ

(লক্ষ টাকায়)

ক্র. নং	বিবরণ	ত্রৈমাসিক সমাপ্ত			বর্ষ সমাপ্ত
		৩০.০৬.২০২৩ অনিরীক্ষিত	৩১.০৩.২০২৩ উল্লেখ্য দ্রষ্টব্য নং ৪	৩০.০৬.২০২২ অনিরীক্ষিত	৩১.০৩.২০২৩ নিরীক্ষিত
১	কার্যাদি থেকে মোট আয়	১,১১০.২২	১,১৭২.৮৬	৮২২.৮৩	৫,১৫৩.৫৬
২	নিট লাভ/(ক্ষতি) সময়কালের জন্য (কর, ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফা পূর্ব)	২৩৫.০৬	(১১৮.৬২)	(২৬৩.৭৫)	(৩১৬.৩৯)
৩	নিট লাভ/(ক্ষতি) কর পূর্ব সময়কালের জন্য (ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফা পরবর্তী)	২৩৫.০৬	(১১৮.৬২)	(২৬৩.৭৫)	(৩১৬.৩৯)
৪	নিট লাভ/(ক্ষতি) কর পরবর্তী সময়কালের জন্য (ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফা পরবর্তী)	১৯৫.৫৩	(১৩৬.১৭)	(২৭১.৪৫)	(৩৩৬.৩৪)
৫	সময়কাল [সময়কালের (কর পরবর্তী) লাভ/(ক্ষতি) এবং অন্যান্য ব্যাপক আয় (কর পরবর্তী)-এর অন্তর্গত]-এর জন্য মোট ব্যাপক আয়	২০৩.৩৯	(১৫৯.২০)	(২৭৮.৪৬)	(৩৫৩.২৫)
৬	ইক্যুইটি শেয়ার মূলধন (১০/- টাকা প্রতিটি)	৩০৯.৫৯	৩০৯.৫৯	৩০৯.৫৯	৩০৯.৫৯
৭	রিজার্ভ (পূর্ববর্তী বছরের ব্যালান্সশীটে প্রদর্শিত মতো পুনর্মূল্যায়ন রিজার্ভ বাদে রিজার্ভ)	-	-	-	১৭,৮৭১.৮২
৮	শেয়ার প্রতি আয় (বার্ষিকীকৃত নয়)(১০/- টাকা প্রতি) মৌলিক	৬.৩২	(৪.৪০)	(৮.৭৭)	(১০.৮৬)
	মিশ্রিত	৬.৩২	(৪.৪০)	(৮.৭৭)	(১০.৮৬)

দ্রষ্টব্য :-
১. উপরিউক্ত কনসোলিডেটেড অনিরীক্ষিত আর্থিক ফলাফল অডিট কমিটি দ্বারা ২৭ জুলাই, ২০২৩ তারিখে তাদের সভায় পর্যালোচিত এবং ২৭ জুলাই, ২০২৩ তারিখে পরিচালন পর্ষদ কর্তৃক তাদের সভায় গৃহীত।
২. দি পেরিয়া কারামালাই টি অ্যান্ড প্রোডিউস কোম্পানি লিমিটেড (স্ট্যান্ডঅ্যালোন সংখ্যাসমূহ) -এর নিরীক্ষিত আর্থিক ফলাফল :
(লক্ষ টাকায়)

ক্র. নং	বিবরণ	ত্রৈমাসিক সমাপ্ত			বর্ষ সমাপ্ত
		৩০.০৬.২০২৩ অনিরীক্ষিত	৩১.০৩.২০২৩ উল্লেখ্য দ্রষ্টব্য নং ৪	৩০.০৬.২০২২ অনিরীক্ষিত	৩১.০৩.২০২৩ নিরীক্ষিত
১	কার্যাদি থেকে মোট আয়	১,১১০.২২	১,১৭২.৮৬	৮২২.৮৩	৫,১৫৩.৫৬
২	সাধারণ কার্য থেকে লাভ কর পূর্ববর্তী	২৩৫.৩৭	(১১৮.৩২)	(২৬৪.০৯)	(৩১৫.৭৫)
৩	সাধারণ কার্য থেকে লাভ কর পরবর্তী	১৯৫.৮৪	(১৩৫.৮২)	(২৭১.৬৮)	(৩৩৫.৬২)

৩. উপরোক্ত ৩০ জুন, ২০২৩ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের অনিরীক্ষিত স্ট্যান্ডঅ্যালোন এবং কনসোলিডেটেড আর্থিক ফলাফল স্টক এক্সচেঞ্জ সমূহে ফাইল করা হয়েছে সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস)-এর রেগুলেশন, ২০১৫ -এর রেগুলেশন ৩৩ অধীনে। ৩০ জুন, ২০২৩ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের অনিরীক্ষিত স্ট্যান্ডঅ্যালোন এবং কনসোলিডেটেড আর্থিক ফলাফলের পূর্ণ ফরম্যাট স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইটসমূহ **www.nseindia.com** -তে পাওয়া যাবে। একই ফরম্যাট কোম্পানির ওয়েবসাইট **www.periatea.com** -তেও পাওয়া যাবে।
৪. ৩১ মার্চ ২০২৩ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের রাশি সমূহ, পূর্ণ আর্থিক বর্ষের বিষয়ে নিরীক্ষিত রাশি সমূহ এবং তৃতীয় ত্রৈমাসিকের সমাপ্তি পর্যন্ত ইয়ার-টু-ডেট রাশি সমূহের মধ্যবর্তী ভারসাম্যরক্ষাকারী রাশি।

দি পেরিয়া কারামালাই টি অ্যান্ড প্রোডিউস কোং লিঃ-র পক্ষে
স্বা/-
(এল. এন. বাঙ্গুর)
চেয়ারম্যান
DIN: 00012617

স্থান: কলকাতা
তারিখ: ২৭.০৭.২০২৩

কিরণ ব্যাপার লিমিটেড

রেজিঃ অফিস : ৭, মুন্সি প্রেমচাঁদ সরণি, হেস্টিংস, কলকাতা-৭০০ ০২২
দূরভাষ : (০৩৩) ২২২৩-০০১৬/১৮, ফ্যাক্স : (০৩৩) ২২২৩ ১৫৬৯, ই-মেল : kvl@lnbgroup.com, ওয়েবসাইট: www.lnbgroup.com
CIN NO. L51909WB1995PLC071730

৩০ জুন, ২০২৩ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক স্ট্যান্ডঅ্যালোন এবং কনসোলিডেটেড অনিরীক্ষিত আর্থিক ফলাফলের বিবরণের সারাংশ

(লক্ষ টাকায় ইপিএস ব্যতীত)

ক্রম নং	বিবরণ	স্ট্যান্ডঅ্যালোন				কনসোলিডেটেড			
		ত্রৈমাসিক সমাপ্ত ৩০ জুন, ২০২৩ অনিরীক্ষিত	ত্রৈমাসিক সমাপ্ত ৩১ মার্চ, ২০২৩ (উল্লেখ্য দ্রষ্টব্য ৩)	ত্রৈমাসিক সমাপ্ত ৩০ জুন, ২০২২ অনিরীক্ষিত	বর্ষ সমাপ্ত সমাপ্ত ৩১ মার্চ, ২০২৩ নিরীক্ষিত	ত্রৈমাসিক সমাপ্ত ৩০ জুন, ২০২৩ অনিরীক্ষিত	ত্রৈমাসিক সমাপ্ত ৩১ মার্চ, ২০২৩ (উল্লেখ্য দ্রষ্টব্য ৩)	ত্রৈমাসিক সমাপ্ত ৩০ জুন, ২০২২ অনিরীক্ষিত	বর্ষ সমাপ্ত সমাপ্ত ৩১ মার্চ, ২০২৩ নিরীক্ষিত
১	কার্যাদি থেকে মোট আয়	২,৪০১.৯৪	৭২১.০৫	২৭.১৭	৪,৪৫৫.৫৪	২,৭৩২.১০	২,০৬৩.৩৩	২৮১.৮৭	৬,৭২৮.৪৯
২	নিট লাভ/(ক্ষতি) সময়কালের জন্য (কর, ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফা পূর্ববর্তী)	১,৯১৮.৩৮	১৫৮.৮২	(২৪৭.৫৩)	২,৬৩৪.৬৪	২,৮৫৭.২৪	(১৯.২০)	২৪৯.৯৬	৪,৬২২.৬৭
৩	নিট লাভ/(ক্ষতি) কর পূর্ব সময়কালের জন্য (ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফা পরবর্তী)	১,৯১৮.৩৮	১৫৮.৮২	(২৪৭.৫৩)	২,৬৩৪.৬৪	২,৮৫৭.২৪	(১৯.২০)	২৪৯.৯৬	৪,৬২২.৬৭
৪	নিট লাভ/(ক্ষতি) কর পরবর্তী সময়কালের জন্য (ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফা পরবর্তী)	১,৫৩১.৩৪	৯৮.০৯	(১৪৪.২০)	২,৩৪৮.৬৪	২,৪৬৭.৮২	(১৭৮.৯৮)	২৬১.০৫	৩,৮৫৩.২৮
৫	মোট ব্যাপক আয় সময়কালের জন্য (লাভ/(ক্ষতি) অন্তর্গত [সময়কালের জন্য (করপরবর্তী) এবং অন্যান্য ব্যাপক আয় (কর পরবর্তী)]	৪,৬৪৬.১৪	(৩৪২.৯০)	(১,১৭৭.০২)	৪,০৫৮.৮৬	৯,৫৮৫.৪৬	(১,৭৬৫.৬৬)	(৫,০৭০.৯৭)	৩,৭২৫.৫২
৬	ইক্যুইটি শেয়ার মূলধন (প্রতিটি ১০ টাকা মূল্যের)	২,৭২৮.৪২	২,৭২৮.৪২	২,৭২৮.৪২	২,৭২৮.৪২	২,৬৯৮.১৮	২,৬৯৮.১৮	২,৬৯৮.১৮	২,৬৯৮.১৮
৭	শেয়ার প্রতি আয় ১০/- টাকা প্রতিটি (চলতি এবং অচলতি কার্যাদির জন্য) মৌলিক	৫.৬১	০.৩৬	(০.৫৩)	৮.৬১	৯.১৫	(০.৬৬)	০.৯৭	১৪.২৮
	মিশ্রিত	৫.৬১	০.৩৬	(০.৫৩)	৮.৬১	৯.১৫	(০.৬৬)	০.৯৭	১৪.২৮

দ্রষ্টব্য:
১. উপরের ফলাফল নিরীক্ষণ সমিতি দ্বারা পুনরীক্ষিত এবং ২৭ জুলাই, ২০২৩ তারিখে অনুষ্ঠিত তাঁদের স্ব স্ব সভায়, কিরণ ব্যাপার লিমিটেড (‘দ্য কোম্পানি’)-এর পরিচালন পর্ষদ দ্বারা অনুমোদিত। কোম্পানির বিধিবদ্ধ নিরীক্ষকগণ উপরের ফলাফলের সীমায়িত পুনরীক্ষণ সম্পন্ন করেছেন।
২. কোম্পানির আর্থিক ফলাফল প্রস্তুত করা হয়েছে ইন্ডিয়ান আকাউন্টিং স্ট্যান্ডার্ডস্ (‘ইন্ড এএস’) অনুসারে, কোম্পানিজ (ইন্ডিয়ান আকাউন্টিং স্ট্যান্ডার্ডস্) রুলস, ২০১৫-এর সঙ্গে পঠিত কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩ (‘দ্য অ্যাক্ট’)-এর সেকশন ১৩৩ অধীনে প্রজ্ঞাপিত (সংশোধিত মতো)।
৩. ৩১ মার্চ ২০২৩ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের রাশি সমূহ, পূর্ণ আর্থিক বর্ষের বিষয়ে নিরীক্ষিত রাশি সমূহ এবং তৃতীয় ত্রৈমাসিকের সমাপ্তি পর্যন্ত ইয়ার-টু-ডেট রাশি সমূহের মধ্যবর্তী ভারসাম্যরক্ষাকারী রাশি যা সীমায়িত নিরীক্ষণ সাপেক্ষ।
৪. উপরেরটি, সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস ২০১৫-র রেগুলেশন ৩৩ অধীনে স্টক এক্সচেঞ্জসমূহে ফাইল করা ৩০ জুন, ২০২৩ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের জন্য আর্থিক ফলাফলের বিশদ ফর্মাটের সারাংশ। ৩০ জুন, ২০২৩ তারিখে সমাপ্ত আর্থিক ফলাফলের পূর্ণ ফর্মাট পাওয়া যাবে স্টক এক্সচেঞ্জ সমূহে অর্থাৎ **www.bseindia.com** -এ এবং কোম্পানির ওয়েবসাইট অর্থাৎ **www.lnbgroup.com.** -এ।

পর্ষদের পক্ষে
কিরণ ব্যাপার লিমিটেড-এর পক্ষে
স্বা/-
এল. এন. বাঙ্গুর
চেয়ারম্যান
DIN: 00012617

স্থান : কলকাতা
তারিখ : ২৭ জুলাই, ২০২৩